# Times Today BD

জেলা প্রতিনিধি | খুলনা | 01 May, 2025

কুষ্টিয়ার দৌলতপুরে পল্লী বিদ্যুতের সাব-স্টেশনে চুরি করতে গিয়ে বিদ্যুৎপৃষ্ট হয়ে অজ্ঞাত (৩৫) এক ব্যক্তির মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (১ মে) সকাল ৮টার দিকে উপজেলার তারাগুনিয়া থানা মোড় এলাকায় দৌলতপুর পল্লী বিদ্যুতের জোনাল অফিসের সাব-স্টেশন থেকে তার মরদেহ উদ্ধার করে পুলিশ। এ সময় নিহত ব্যক্তির শরীরে চেক শার্ট, পরনে জিন্সের প্যান্ট এবং কোমরে লাল রঙের একটি গামছা বাঁধা ছিল। তবে তার পরিচয় পাওয়া যায়নি।

দৌলতপুর পল্লী বিদ্যুৎ জোনাল অফিসের সহকারী জেনারেল ম্যানেজার তৌফিকুর ইসলাম বাচ্চু জানান, বুধবার দিবাগত রাতের কোনো এক সময় সাব-স্টেশনের ভেতরে বড় ট্রান্সফরমারের আর্থিংয়ের তার চুরি করতে গিয়ে ওই ব্যক্তি বিদ্যুৎপৃষ্ট হয়ে মারা যান। কিছু তার চুরি হয়েছে বলে জানতে পেয়েছি। পুলিশকে খবর দিলে তারা এসে নিহত ব্যক্তির মরদেহ উদ্ধার করে।

মরদেহ উদ্ধারের বিষয়ে দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাজমুল হুদা বলেন, ঘটনাস্থল থেকে বিদ্যুৎপৃষ্ট হয়ে নিহত হওয়া এক ব্যক্তির মরদেহ উদ্ধার করে মর্গে পাঠানো হয়েছে। এখনো তার পরিচয় নিশ্চিত হওয়া যায়নি। চুরি করতে গিয়ে মৃত্যু হয়েছে কি না তা তদন্ত সাপেক্ষে বলা যাবে।

মৃত্যু পল্লী বিদ্যুত চুরি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:52

URL: https://www.timestodaybd.com/khulna/1724956392